# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৩২

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৩. মাহরানার বিবরণ - অল্প মোহরানা প্রসঙ্গ এবং তা নগদ টাকার পরিবর্তে অন্য কিছু দ্বারা দেয়ার বৈধতা

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ ـ رَضِيَ اللَّهُ عَنْهُمَا ـ أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ: «مَنْ أَعْطَى فِي صَدَاقِ امْرَأَةٍ (1) سَوِيقًا, أَوْ تَمْرًا, فَقَدْ اسْتَحَلَّ». أَخْرَجَهُ أَبُو دَاوُدَ, وَأَشَارَ إِلَى تَرْجِيحِ وَقْفِهِ

ضعيف رواه أبو داود (2110) من طريق موسى بن مسلم بن رومان، عن أبي الزبير، عن جابر، به. قال الحافظ في «التلخيص» (3/ 190): «وفي إسناده ابن رومان، وهو ضعيف». قلت: وأيضًا أبو الزبير مُدَلِّس، وقد عَنْعَنَهُ، وقد صرح في بعض المصادر إلا أن أسانيدها مُهَلْهَلَةٌ. انظر «ناسخ الحديث» لابن شاهين (507)

বাংলা

১০৩২। জাবির বিন 'আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,-যে ব্যক্তি কোন রমণীকে মোহরানায় ছাতু বা খেজুর দিলো সে ঐ মহিলাকে (তার জন্য) হালাল করে নিলো। -আবূ দাউদ হাদীসটির মাওকুফ হওয়ার প্রতি ইঙ্গিত করেছেন।[1]

ফুটনোট

[1] মুসলিম ১৪০৫, আর দাউদ ২১১০, আহমাদ ১৪৪১০। শাইখ আলবানী যঈফ আবূ দাউদ ২১১০, তাখরীজ মিশকাতুল মাসাবীহ ৩১৪১, যঈফুল জামে ৫৪৫৩ গ্রন্থত্রয়ে একে দুর্বল বলেছেন। ইবনু হাজার আত-তালখীসুল হাবীর ৩/১২১৯ গ্রন্থে বলেন, এর সানাদে মুসলিম বিন রুমান নামক দুর্বল রাবী আছে। আল-আইনী তাঁর উমদাতুল কারী ২০/১৯৪ গ্রন্থে বলেন, এর সানাদে রয়েছে মূসা, আর ইবনুল কাত্তান বলেন, তিনি তাকে চিনেন

না, আবূ মুহাম্মাদ বলেন, لا يعول عليه তার উপর নির্ভর করা যায় না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70843

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন